পরীক্ষা প্রস্তুতি

ফুড সাব-ইনস্পেক্টর পদের পরীক্ষা প্রস্তুতি: ৫

পশ্চিমবঙ্গ খাদ্য ও সরবরাহ দপ্তরে ৯৫৭ জন ফুড সাব-ইসস্পেক্টর নিয়োগ করা হবে, ওয়েস্ট বেঙ্গল সাবর্ডিনেট ফুড অ্যান্ড সাপ্লাইজ সার্ভিস গ্রেড-থ্রিতে। পিএসসির পরীক্ষার মাধ্যমে নিয়োগ হবে।

লেখা পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। লেখা পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন থাকবে জেনারেল স্টাডিজ (৫০ নম্বর) ও অ্যারিথমেটিক (৫০ নম্বর) বিষয়ের উপর। মোট ১০০ নম্বরের পরীক্ষা, সময় ১ ঘণ্টা ৩০ মিনিট। জেনারেল স্টাডিজে থাকবে দৈনন্দিন বিজ্ঞানের সাধারণ অভিজ্ঞতা, সাম্প্রতিক ঘটনাবলি (ভারতীয় ঘটনাবলিতে বিশেষ গুরুত্ব সহ), ভারতীয় ইতিহাস ও ভূগোলের প্রাথমিক জ্ঞান সম্পর্কিত প্রশ্ন। অ্যারিথমেটিকে মাধ্যমিক স্তরের অঙ্ক থাকবে মেন্টাল এবিলিটি সহ। পরীক্ষা দেওয়া যাবে ইংরেজি বা বাংলায়, দুয়ের মধ্যে যে-কোনও একটি ভাষায়।

1. ভারতে জাতীয় আইন দিবস (National Law Day) কবে পালন করা হয়?

(a) ২৬ নভেম্বর (b) ২৭ নভেম্বর
(c) ২৮ নভেম্বর (d) ২৯ নভেম্বর

2. ২০১৮ সালের ডেভিস কাপ টেনিস টুর্নামেন্ট কোন দেশ জেতে?

(a) ফ্রান্স (b) বেলজিয়াম
(c) জার্মানি (d) ক্রোয়েশিয়া

3. কোন দেশ প্রথম কৃত্রিম উপগ্রহ 'স্পুটনিক ১' মহাকাশে পাঠায়?

(a) আমেরিকা (b) সোভিয়েত রাশিয়া
(c) চিন (d) ভারত

4. সম্প্রতি দ্বাদশ এশিয়া প্যাসিফিক স্ক্রিন অ্যাওয়ার্ড ২০১৮ (APSA) -তে কোন ভারতীয় অভিনেত্রী পুরস্কৃত হন?

(a) প্রিয়াঙ্কা চোপড়া (b) ঐশ্বর্য রাই
(c) নন্দিতা দাস (d) দীপিকা পাড়ুকোন

5. সন্দীপ মাইকেল (সম্প্রতি মারা গিয়েছেন) কোন খেলার সঙ্গে যুক্ত?

(a) হকি (b) টেনিস
(c) বক্সিং (d) কোনোটি সঠিক নয়

6. শিবানসমুদ্র জলপ্রপাত কোন নদীর প্রবাহপথে অবস্থিত?

(a) কংসাবতী (b) যমুনা
(c) সুবর্ণরেখা (d) কাবেরী

7. এক ব্যক্তি 15 টাকা ডজন দরে এক ডজন কলা কিনে, প্রতিটি কলা 90 পয়সা দরে বিক্রয় করলেন। তাঁর শতকরা লাভ বা ক্ষতি নির্ণয় করুন।

(a) শতকরা ক্ষতি 22 টাকা (b) শতকরা ক্ষতি 28 টাকা
(c) শতকরা ক্ষতি 20 টাকা (d) শতকরা ক্ষতি 21 টাকা

8. আমি একটি বাই-সাইকেল 2.5% ক্ষতিতে বিক্রয় করেছি। যদি আমি আরও 100 টাকা বেশি দামে বাই-সাইকেলটি বিক্রয় করতাম, তবে আমি 7.5% লাভ করতে পারতাম। 12.5% লাভ করতে গেলে আমাকে বাই-সাইকেলটি কত টাকায় বিক্রয় করতে হত?

(a) 1125 টাকা (b) 1122 টাকা
(c) 1123 টাকা (d) 1120 টাকা

9. আরাবল্লির সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?

(a) মাউন্ট আবু (b) দোদাবেতা
(c) অমরকণ্টক (d) গুরুশিখর

10. কলকাতা হাইকোর্টের প্রতিষ্ঠা হয় কত সালে?

(a) ১৮৫৫ সালে (b) ১৮৬২ সালে
(c) ১৯১৬ সালে (d) ১৯৪৬ সালে

11. কোন সুলতান নিজেকে 'নইব-ই-খুদাই' বা 'ঈশ্বরের প্রতিনিধি' বলে অ্যাখ্যা দিয়েছিলেন?

(a) আলাউদ্দিন খিলজি (b) বলবন
(c) ইলতুতমিস (d) গিয়াসুদ্দিন তুঘলক

12. বায়ুতে জলীয় বাষ্প বেশি থাকলে বাষ্পায়ন ....

(a) দ্রুত হয় (b) ধীরে হয়
(c) একই থাকে (d) কোনোটি সঠিক নয়

13. জাতীয় বিজ্ঞান দিবস কবে পালন করা হয়?

(a) ২০ ফেব্রুয়ারি (b) ২৮ ফেব্রুয়ারি
(c) ২০ জুলাই (d) ২৮ জানুয়ারি

14. সম্প্রতি কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদিত কার্তারপুর করিডোরটি পাঞ্জাবের কোন জেলায় অবস্থিত?

(a) ভাতিন্ডা (b) গুরুদাসপুর
(c) ফিরোজপুর (d) অমৃতসর

15. ইউনিসেফ ভারত দ্বারা সম্প্রতি উত্তর-পূর্বাঞ্চলের প্রথম যুব অ্যাডভোকেট হিসেবে কে নিযুক্ত হয়েছেন?

(a) নাহিদ আফরিন (b) হিমা দাস
(c) হিনা আসেফি (d) হরিশ সালভে

16. সম্প্রতি কে তৃতীয় সায়াজি রত্ন পুরস্কার ২০১৮ পান?

(a) আমির খান
(b) নন্দিতা দাস
(c) প্রিয়াঙ্কা চোপড়া
(d) অমিতাভ বচ্চন

17. ২০১৮ সালের ইউনিভার্সাল চিলড্রেন'স ডে-র থিম কী ছিল?

(a) Stop Violence Against Children!
(b) Children are taking over and turning the world blue
(c) Protect Child Protect World
(d) Kids Take Over

18. সম্প্রতি কোন রাজ্য সরকার 'ভুদার' পোর্টাল (ভূমি রেকর্ড মানুষের কাছে পৌঁছনোর) চালু করেছে?

(a) অন্ধ্রপ্রদেশ (b) কর্নাটক
(c) ওড়িশা (d) পশ্চিমবঙ্গ

19. নিম্নলিখিত ভারতীয় সংস্থাগুলির মধ্যে কোনটি ২০১৮ এশিয়া এনভায়রনমেন্ট এনফোর্সমেন্ট অ্যাওয়ার্ড পায়?

(a) ন্যাশনাল টাইগার কনজারভেশন অথরিটি
(b) ন্যাশনাল বায়োডাইভারসিটি অথরিটি
(c) ওয়াইল্ডলাইফ ক্রাইম কন্ট্রোল ব্যুরো
(d) সেন্টার ফর ইকোলজি অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট

20. হাতির জন্য ভারতের প্রথম বিশেষ হাসপাতাল সম্প্রতি কোন শহরে খোলা হয়েছে?

(a) বারাণসী (b) কোচি
(c) মথুরা (d) বেঙ্গালুরু

21. রঞ্জি ট্রফি ক্রিকেটে প্রথম কোন খেলোয়াড় ১১০০০ রান করেন?

(a) শিভম চৌধুরী (b) ওয়াশিম জাফের
(c) হিমাংশু আসনোরা (d) কোনোটি সঠিক নয়

22. ভারতের প্রথম মহিলা শাসক কে ছিলেন?

(a) চাঁদ বিবি (b) সুলতানা রাজিয়া
(c) বেগম হজরত মহল (d) নূরজাহান

23. কোন গ্রহের বলয় নেই?

(a) বৃহস্পতি (b) ইউরেনাস
(c) নেপচুন (d) শুক্র

RICE EDUCATION

24. এক ব্যক্তি কোনো দ্রব্য বিক্রয় করে দেখলেন, বিক্রয়মূল্যের ওপর তাঁর 20% ক্ষতি হয়েছে। তাঁর শতকরা ক্ষতি কত হয়?

(a) $16\frac{2}{3}\%$ (b) $15\frac{2}{3}\%$

(c) $14\frac{2}{3}\%$ (d) $11\frac{2}{3}\%$

25. ভারতের বৃহত্তম কেন্দ্রশাসিত অঞ্চল কোনটি?

(a) লাক্ষাদ্বীপ
(b) নয়া দিল্লি
(c) চণ্ডীগড়
(d) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ

26. তারবিহীন টেলিফোন পরিষেবা কবে প্রথম চালু হয়?

(a) ১৯০০ সালে (b) ১৯১০ সালে
(c) ১৯২৮ সালে (d) ১৯৩০ সালে

27. কোন দেশের জাতীয় দল ২০১৮ আইসিসি উইমেন ওয়ার্ল্ড টোয়েন্টি-২০ টুর্নামেন্ট জেতে?

(a) ওয়েস্ট ইন্ডিজ (b) ভারত
(c) অস্ট্রেলিয়া (d) ইংল্যান্ড

28. 'তানসেন সম্মান' কোন রাজ্য থেকে প্রদান করা হয়?

(a) গুজরাট (b) মহারাষ্ট্র (c) মধ্যপ্রদেশ (d) অসম

29. কত সালে কলকাতা বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়?

(a) ১৮৫৭ সালে (b) ১৮৬০ সালে (c) ১৮৬৭ সালে (d) ১৮৭০ সালে

30. ভারতের লোকসভার প্রথম মহিলা অধ্যক্ষ কে?

(a) সরোজিনী নাইডু (b) ইন্দিরা গান্ধী (c) মীরা কুমার (d) বিজয়লক্ষ্মী পণ্ডিত

ANSWERS

1. (a) 2. (d) 3. (b) 4. (c) 5. (a) 6. (d) 7. (b) **সমাধান:** 12 টি কলার ক্রয়মূল্য = 15 টাকা

অতএব 1টি কলার ক্রয়মূল্য $\frac{15}{12}$ টাকা বা, 1.25 টাকা

আবার, 1টি কলার বিক্রয়মূল্য = 90 পয়সা বা, 0.90 টাকা।

অতএব ক্ষতি = (1.25 – 0.90) টাকা বা, 0.35 টাকা।

অতএব, 1 টাকার ক্ষতি হয় = $\frac{0.35}{1.25}$ টাকা।

অতএব, 100 টাকার ক্ষতি হয় = $\frac{0.35 \times 100}{1.25}$ টাকা বা, 28 টাকা।

অতএব শতকরা ক্ষতি 28 টাকা।

8. (a) **সমাধান:** মনে করুন আমি বাই-সাইকেলটি x টাকায় ক্রয় করেছিলাম। অতএব, 2.5% ক্ষতিতে বিক্রয় করলে বিক্রয়মূল্য হয়

$= x\left(\frac{100-2.5}{100}\right) = \frac{97.5x}{100}$ টাকা

এবং 7.5% লাভে বিক্রয় করলে বিক্রয়মূল্য হয় $= x\left(\frac{100-7.5}{100}\right)$

$= \frac{107.5x}{100}$ টাকা।

অতএব, প্রশ্নানুসারে, $\frac{107.5x}{100} - \frac{97.5x}{100} = 100$ টাকা বা, x = 1000

অতএব, ক্রয়মূল্য = 1000 টাকা।

অতএব, 12.5% লাভে বিক্রয় করলে বিক্রয়মূল্য হবে

$100 \times \left(\frac{100+12.5}{100}\right)$ টাকা = 1125 টাকা।

9. (d) 10. (b) 11. (b) 12. (b) 13. (b) 14. (b) 15. (a) 16. (d) 17. (b) 18. (a) 19. (c) 20. (c) 21. (b) 22. (b) 23. (d) 24. (a) **সমাধান:** মনে করুন দ্রব্যটির বিক্রয়মূল্য = 100 টাকা

আবার, ক্ষতি হয় বিক্রয়মূল্যের 20%

অতএব, ক্ষতি = 100-এর 20% = 20 টাকা

অতএব, ক্রয়মূল্য = বিক্রয়মূল্য + ক্ষতি

= (100 + 20) টাকা = 120 টাকা (যেহেতু এক্ষেত্রে, ক্রয়মূল্য বিক্রয়মূল্যের থেকে বেশি)

এখন, 120 টাকায় ক্ষতি হয় = 20 টাকা

অতএব, 1 টাকায় ক্ষতি হয় = $\frac{20}{120}$ টাকা

অতএব, 100 টাকায় ক্ষতি হয় = $\frac{20}{120} \times 100$ টাকা = $\frac{50}{3}$ টাকা = $16\frac{2}{3}$ টাকা।

অতএব, শতকরা ক্ষতি $16\frac{2}{3}\%$

25. (d) 26. (c) 27. (c) 28. (c) 29. (a) 30. (c)

RICE EDUCATION